

দাঁড়ালে দুয়ারে মোর লিরিক্স:-

দাঁড়ালে দুয়ারে মোর
দাঁড়ালে দুয়ারে মোর,
কে তুমি ভিখারিনী?
গাহিয়া সজল চোখে,
গাহিয়া সজল চোখে,
বেলা-শেষে রাগিণী।
দাঁড়ালে দুয়ারে মোর,
দাঁড়ালে দুয়ারে মোর।

মিনতি-ভরা আঁখি,
কে তুমি ঝড়ের পাখি?
কি দিয়ে জুড়াই ব্যথা,
কেমনে কোথায় রাখি,
কোন্ প্রিয় নামে ডাকি,
বলো কোন্ প্রিয় নামে ডাকি,
বলো কোন্ প্রিয় নামে ডাকি
বলো কোন্ প্রিয় নামে ডাকি
বলো কোন্ প্রিয় নামে ডাকি।
মান ভাঙবো মানিনী,
দাঁড়ালে দুয়ারে মোর
দাঁড়ালে দুয়ারে মোর।

বুকে তোমায় রাখতে প্রিয়
চোখে আমার বারি ঝরে,
চোখে যদি রাখিতে চাই
বুকে ওঠে ব্যথা ভরে।

যত দেখি তত হয়,
পিপাসা বাড়িয়া যায়।
যত দেখি তত হয়,
পিপাসা বাড়িয়া যায়।
কে তুমি যাদুকরী
বলো কে তুমি যাদুকরী
বলো কে তুমি যাদুকরী
বলো কে তুমি যাদুকরী
বলো কে তুমি যাদুকরী
স্বপন-মরু-চারিণী।

দাঁড়ালে দুয়ারে মোর
দাঁড়ালে দুয়ারে মোর
কে তুমি ভিখারিনী,
গাহিয়া সজল চোখে
গাহিয়া সজল চোখে
বেলা-শেষে রাগিণী,
দাঁড়ালে দুয়ারে মোর
দাঁড়ালে দুয়ারে মোর।